কালের কণ্ঠ

তারিখ: 05 AUG 2015
পৃষ্ঠা ৬ কলাম ২

# ইবিতে ১০০ কোটি টাকার অডিট আপত্তি

নিজস্ব প্রতিবেদক ▷

কুষ্টিয়ার ইসলামী বিশ্ববিদ্যালয়ে (ইবি) প্রায় ৯৯ কোটি ৯১ লাখ টাকার অনিয়মের প্রমাণ পেয়েছে সরকারি প্রতিষ্ঠান সম্পর্কিত সংসদীয় স্থায়ী কমিটি। অনিষ্পন্ন ৪৮৭টি অডিট আপত্তিতে এই অনিয়মের কথা বলা হয়েছে। দীর্ঘদিনেও অডিটগুলো নিষ্পত্তি না হওয়ায় ক্ষোভ প্রকাশও করেছে কমিটি।

সংসদ ভবনে গতকাল মঙ্গলবার কমিটির বৈঠক হয়। সেখানে কথা হয় ইবির অবস্থা নিয়েও। তাতে জানানো হয়, ১৯৭৮ থেকে ২০১৩-১৪ পর্যন্ত মোট ৬১৯টি অডিট আপত্তি জমা পড়ে। এর মধ্যে ১৩২টি আপত্তি নিষ্পত্তি হয়। বাকিগুলো এখনো অনিষ্পন্ন আছে। বৈঠকে এসব অডিট দ্রুত নিষ্পত্তি করতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষকে তাগিদ দেন কমিটির সদস্যরা। এ ছাড়া বৈঠকে বিশ্ববিদ্যালয়ে জনবল নিয়োগের ক্ষেত্রে মুক্তিযোদ্ধা সন্তানদের ৩০ শতাংশ কোটা পূরণ করতে বলা হয়। তাগিদ দেওয়া হয় বিশ্ববিদ্যালয়ের মঞ্জুরি কমিশনের নিয়মনীতি মেনে চলারও।

বৈঠকে কমিটির সভাপতি শওকত আলী সভাপতিত্ব করেন। এতে কমিটির সদস্য মুহিবুর রহমান মানিক, আব্দুর রউফ, অ্যাডভোকেট নাভানা আক্তারসহ সংশ্লিষ্ট কর্মকর্তারা উপস্থিত ছিলেন।